

উন্নয়নের গণতন্ত্র

শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Webside: [www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

৪৬.০২০.০০৪.০১.০০.১০০২.২০১৬- ৪১২২

তারিখ : ১৪/০২/১৬

বিষয় : রীট পিটিশন নং-১৩৭৪০(এ)/২০১৬, বাদী-জনাব মোঃ বজলুর রহমান, পিতা মৃত-মহসিন ভুইয়া, ৯৩/৯  
উত্তর যাত্রাবাড়ী, থানা-যাত্রাবাড়ী, জেলা-ঢাকা-বনাম-সরকার ও অন্যান্য।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের যাত্রাবাড়ী থানার আওতাধীন উত্তর যাত্রাবাড়ী সরকারি জায়গা দখল করে পূর্ব অনুমোদন ব্যতিরেকে ভবন নির্মাণ করায় বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১৩৭৪০(এ)/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের নির্দেশনা বাস্তবায়নসহ সরকার পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দফাওয়ারী জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।

(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)  
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

ইমেইলঃ [ishanaliraja@gmail.com](mailto:ishanaliraja@gmail.com)

১। প্রধান নির্বাহী কর্মকর্তা

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।

২। জেলা প্রশাসক

ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র/ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, গৃহায়ণ ও গণপূর্ত/পরিবেশ ও বন মন্ত্রণালয়।
- ৩। মাননীয় মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ৪। উপসচিব(সিটি কর্পোঃ-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।